

সাদাকালো বাছুরটার শেষ চিঠি

মাঠ থেকে ফিরে আসার পথে
সেদিন বিকেলে মা আমার সঙ্গে ছিল না

হাইওয়ে গভী পেরাতে গিয়ে
দেখো আমি মরে যাচ্ছি

আর আমার চোখ দুটো ঠিক বসে যাচ্ছে

তোমার মেয়ের চোখে চোখ রেখে

চৌকাঠ পেরিয়ে

এই নাও, তোমাকে দিলাম এক বুক নদী যার
তলপেট থেকে গতরাতে এনেছিলাম স্নেহ

আর সরষে ক্ষেতের বাগানবাড়ীতে
নিয়ে যাবে বলে শেষবেলার ফেরীঘাটে
বসে আছে সূর্যাস্ত
ওর পড়ন্ত বেলায়..

আজও কোন রকম ফের নেই দেখো
জোয়ার উচ্ছাসে অনেকটাই ডুবে গেছে
আমার

যাপনের তুমি,

থেকে থেকে শুধু গদ্য লেখার সাহস যোগাবে বলে

অতনু বন্দ্যোপাধ্যায়